## চাকরির আবেদন ফরম

৫X৫ সে. মি. ছবি (সম্প্রতি তোলা ৪ কপি স্ট্যাপল করতে হবে

বরাবর
জেলা প্রশাসক
ও
সভাপতি
কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: দি ন মা স ব ৎ স র | | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর (যে কোনো একটি): | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | ৬. জন্ম স্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | |
| | বাসা ও সড়ক নম্বর: | | | | | |
| | গ্রাম/মহল্লা/পাড়া: | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোস্ট কোড নম্বর | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল: | | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/বিভাগ/শ্রেণি |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |
| ১৯. | কোটা (টিকা দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের সন্তান: | শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ: | | | |
| | | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী: | | | | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: দি ন মা স ব ৎ স র | | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করবো। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
শিক্ষা ও কল্যাণ শাখা
www.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০০০.০০০.০২৬.০২.০০৬১.২৫.৬৭৭ তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ মে ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সহকারী শিক্ষক পদে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও সংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| সহকারী শিক্ষক পদ সংখ্যা-০১টি | ৩২ (বত্রিশ) বছর | অনার্সসহ স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে। পদার্থ বিজ্ঞান অগ্রাধিকার পাবে। | ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে পাঠদানের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে। |

উল্লিখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগণ আগামী ১০ জুন, ২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করবেন। আবেদন ফরম www.chapainawabganj.gov.bd এই লিংক হতে ডাউনলোড করা যাবে অথবা এ কার্যালয়ের শিক্ষা ও কল্যাণ শাখা হতে সরাসরি সংগ্রহ করা যাবে। কোনো সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

### শর্তাবলী:

ক) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ ও সভাপতি, কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ বরাবর আবেদনপত্র আগামী ১০ জুন, ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন শিক্ষা ও কল্যাণ শাখা (কক্ষ নং৩১৫), জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ-এ সরাসরি কিংবা ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ) ১০ জুন, ২০২৬ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩২ বছর হতে হবে।

গ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিল/পৌরসভা প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি, অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

ঘ) প্রার্থীকে আবেদন পত্রের সাথে জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ ও সভাপতি, কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ বরাবর ৩০০/- (তিনশত) টাকা অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে) দাখিল করতে হবে।

ঙ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ত্রুটিযুক্ত যে কোনো আবেদনপত্র কর্তৃপক্ষ বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চ) প্রার্থীকে নিয়োগ পরীক্ষা ও সাক্ষাৎকারের তারিখ ও সময় ডাকযোগে অথবা এসএমএস অথবা www.chajpainawabganj.gov.bd এই ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

ছ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।

(মো: আনিসুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: ০১৩১৮৩২০১৩৫
ই মেইল: acedu.chapainawabganj@gmail.com
ও
প্রিন্সিপাল
কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ

বিতরণ:
০১। সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০২। ভাইস প্রিন্সিপাল, কালেক্টরেট ইংলিশ স্কুল, চাঁপাইনবাবগঞ্জ।
০৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(নেজারত শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.৪৬০০.০০০.০০৩.১১.০০৯.২৬-২৪৮ তারিখ: ০২ বৈশাখ ১৪৩৩ / ১৫ এপ্রিল ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা এর ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০১০.১৫.৯, সংখ্যক স্মারক এবং কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর ১৫ মার্চ ২০২৬ তারিখের ০৫.৪২.২০০০.০০০.০০৩.০০০২.২৬.৭৮ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (https://dckc.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | আবেদনের যোগ্যতা |
|---|---|---|---|
| অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল- (৮২৫০-২০০১০/-) | ১৬ (ষোলো) টি | ১৮ - ৩২ বছর | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধন ২০২৪) এর তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. ২০ মে ২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং ১১,২০২৪ অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;
৩. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের "কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধন-২০২৪)" অনুসরণ করা হবে;
৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;
৬. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;
৮. জেলা প্রশাসক/ সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র;
০৯. অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;
১০. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষন করেন ;
১১. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১২. **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

**ক)** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dckc.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. অনলাইনে আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১ এপ্রিল ২০২৬, সকাল ৯:০০ ঘটিকা;
ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২০ মে ২০২৬, বিকাল ০৪.০০ টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ ৬০KB হতে হবে।
গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন *গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত* Applicant's copy *তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি* PDF copy *ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।* Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCKC<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: **DCKC ABCDEF** & send to 16222
Reply: Applicant's Name, Tk. 56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **DCKC Yes PIN** and send to 16222.

দ্বিতীয় **SMS: DCKC<space>Yes<space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে Example: **DCKC Yes 12345678** & send to 16222
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCKC Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

**চ. প্রবেশপত্র:** প্রাপ্তির বিষয়টি http://dckc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
**ছ.** SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
জ.শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে: **DCKC<space>Help<space>User<space>User ID** & send to 16222
Example: **DCKC Help User ABCDEF** & send to 16222
ii. PIN Number জানা থাকলে: **DCKC<space>Help<space>PIN <space> PIN Number** & send to 16222
Example: **DCKC Help PIN 1234567** & send to 16222

১৩. **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/ পৌরসভার বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;
(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(ঙ) শারীরীক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
(চ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্যক্ষেত্রে) এর প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি;
(জ) অনলাইন-এ পূরণকৃত আবেদন পত্রেরকপি (Applicant's Copy);
১৪. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, www.khagrachhari.gov.bd এর ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।
১৫. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে vas.quary@teletalk.com.bd বা dckhagrachari@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **DCKHAGRACHARI**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

স্বাক্ষরিত/-
**(মো: আনোয়ার সাদাত)**
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩১১৪
dckhagrachari@mopa.gov.bd

স-৬৭৯ (১৬×৩)